আজকের কাগজ

তারিখ 08 JUL 1993
পৃষ্ঠা ৩ কলাম ৫

191

# 'সবার জন্যে শিক্ষা' বাস্তবায়নে চ্যালেঞ্জের সম্মুখীন এশীয় প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলো

'সবার জন্যে শিক্ষা' কে বাস্তবায়ন করতে এশীয় প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলো বড় ধরনের চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে। ইউনেস্কোর মহাপরিচালক ফেডারিকো মেয়র কুয়ালালামপুরে এশীয় প্রশান্ত মহাসাগরীয় শিক্ষা সম্মেলনে গত সোমবার একথা বলেছেন। খবর সিনহুয়া।

মালেশিয়ার রাজধানী কুয়ালালামপুরে অনুষ্ঠিত ষষ্ঠ এশীয় প্রশান্ত মহাসাগরীয় শিক্ষামন্ত্রীদের সম্মেলন গত সোমবার শুরু হয়েছে। সম্মেলনে উদ্বোধনী অনুষ্ঠানের ইউনেস্কো প্রধান ঐ বৈঠককে এশীয় প্রশান্ত মহাসাগরের শিক্ষার উন্নয়নের জন্যে উপযুক্ত সুযোগ বলে অভিহিত করেছেন। ৪০ মাস আগে থাইল্যান্ডে শিক্ষা বিষয়ক সম্মেলনে '২০০০ সালের মধ্যে সবার জন্যে শিক্ষা' চুক্তি স্বাক্ষরিত হয়।

ইউনেস্কোর এক পরিসংখ্যান থেকে জানা গেছে, গত দু'দশকে এশীয় প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে জনসংখ্যা ১শ' কোটি বৃদ্ধি পেয়েছে। ইউনেস্কো ধারণা করছে, এ অঞ্চলের ২ হাজার সালের মধ্যে এ সংখ্যা ৪শ' কোটি হবে। এশীয় প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলোর ১শ' ৫০ জন প্রতিনিধি শিক্ষার ওপর অনুষ্ঠিত ৪ দিনব্যাপী এ সম্মেলনে অংশগ্রহণ করছেন। আরো ব্যাপক কার্যকরী শিক্ষার ক্রমবর্ধমান চাহিদা নিয়ে সম্মেলনে আলোচনা হবে।